

# মোজাম্বিক প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

24শে আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৫তম ব্রিক্‌স শীর্ষ সম্মেলনের ফাঁকে ২৪শে আগস্ট ২০২৩ এ জোহানেসবার্গে মোজাম্বিক প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য ফিলিপ জেসিন্টো নিউসির সঙ্গে সাক্ষাৎ করেন।

২. সংসদীয় যোগাযোগ, প্রতিরক্ষা, সন্ত্রাসদমন, জ্বালানি, খনি, স্বাস্থ্য, বাণিজ্য ও বিনিয়োগ, সক্ষমতা বৃদ্ধি, সামুদ্রিক সহযোগিতা এবং জনগণের মধ্যে সম্পর্কসহ দ্বিপাক্ষিক সম্পর্ক কে আরও এগিয়ে নিয়ে যাওয়ার উপায় নিয়ে উভয় নেতা ফলপ্রসূ আলোচনা করেন।

৩. প্রধানমন্ত্রী ভয়েস অফ দ্য গ্লোবাল সাউথ সামিটে প্রেসিডেন্ট নিউসির অংশগ্রহণের প্রশংসা করেন।

৪. চন্দ্রযান মিশনের সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান রাষ্ট্রপতি নিউসি এবং আফ্রিকান ইউনিয়নের জি-২০ স্থায়ী সদস্যদের জন্য ভারতের উদ্যোগেরও প্রশংসা করেন।

জোহানেসবার্গ

24শে আগস্ট, 2023